

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
পার-১ অধিশাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.mohfw.gov.bd

নং-৪৫.১৪২.০১৯.০০.০০.০২১.২০১৪-১০৩


তারিখঃ ০৩.০২.২০১৬ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ডাঃ সঞ্জয় কুমার পাল (৩৯৫৬২), সহকারী অধ্যাপক, রেডিওলজি এন্ড ইমেজিং, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। সংযুক্তঃ চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রামকে কারণ দর্শানোর নোটিশ।

সূত্রঃ ৪৫.১৪২.০১৯.০০.০০.০১৫.২০১৪-৬৯১, তারিখঃ ১৩.১২.২০১৫ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে ডাঃ সঞ্জয় কুমার পাল (৩৯৫৬২), সহকারী অধ্যাপক, রেডিওলজি এন্ড ইমেজিং, ওএসডি, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। সংযুক্তঃ চট্টগ্রাম মেডিকেল কলেজ, চট্টগ্রাম আপনাকে চট্টগ্রাম মেডিকেল কলেজ হতে কক্সবাজার মেডিকেল কলেজে বদলি করা হয় এবং উক্ত বদলির আদেশে ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে যোগদান করার জন্য বলা হয় অন্যথায় ২৩/১২/২০১৫ তারিখে বর্তমান কর্মস্থল হতে তাৎক্ষণিক অবমুক্ত হবেন মর্মে আদেশ জারী করা হয়। কিন্তু আপনি বদলীকৃত কর্মস্থলে অদ্যাবধি যোগদান করেননি মর্মে অধ্যক্ষ, কক্সবাজার মেডিকেল কলেজ জানান। বরং আপনি বদলীকৃত কর্মস্থলে যোগদান না করে বদলির তথ্য গোপন রেখে বিভিন্ন কারণ উল্লেখ করে চট্টগ্রাম মেডিকেল কলেজ হতে নোয়াখালী মেডিকেল কলেজে বদলির জন্য আবেদন করেন। যার মাধ্যমে আপনি উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ অমান্য করেছেন এবং তথ্য গোপন করেছেন। যা শৃংখলা ও আপীল বিধি' ১৯৮৫ অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ।

২। এমতাবস্থায়, সরকারী আদেশ অমান্য করে বদলীকৃত কর্মস্থলে যোগদান না করার এবং বদলির তথ্য গোপন করার কারণ আগামী ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে ব্যাখ্যা করার জন্য অনুরোধ করা হলো।

  
(মইমউদ্দিন আহমদ)  
উপসচিব  
ফোনঃ ৯৫৭৭৯৮৪

ডাঃ সঞ্জয় কুমার পাল (৩৯৫৬২)  
সহকারী অধ্যাপক, রেডিওলজি এন্ড ইমেজিং  
(কক্সবাজার মেডিকেল কলেজে বদলির আদেশাধীন)।

অনুলিপিঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। অধ্যক্ষ, চট্টগ্রাম মেডিকেল কলেজ/কক্সবাজার মেডিকেল কলেজ, কক্সবাজার।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। তাঁকে এ আদেশটি এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ৭। অতিরিক্ত সচিব (প্রশাসন)/(শৃংখলা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৮। যুগ্মসচিব (পার) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।